গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম
www.rangunia.chittagong.gov.bd

চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া উপজেলার জুলাই, ২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব আতাউল গনি ওসমানী, উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
সভার তারিখ ও সময় ঃ ২৫/০৭/২০২২ খ্রি., বেলা ১১.০০ টা।
সভার স্থান ঃ উপজেলা সম্মেলন কক্ষ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দের উপস্থিতির তালিকা (পরিশিষ্ট - ক) দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। পবিত্র ঈদুল আযহা-২০২২ উৎসব সুষ্ঠুভাবে পালনে সকলেই সার্বিক সহযোগিতা করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। অতঃপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচনার বিষয়বস্তু</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>১</td><td>বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন সংক্রান্ত ঃ<br>বিগত জুন, ২০২২ মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং উপস্থিত সকলের মতামত গ্রহণ করা হয়। কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।</td><td>কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।</td><td>সংশ্লিষ্ট সকল বিভাগীয় কর্মকর্তা, রাঙ্গুনিয়া।</td></tr>
<tr><td>২</td><td>উপজেলা আইন শৃঙ্খলা বিষয়ক আলোচনা ও সিদ্ধান্ত ঃ<br>উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনায় উপস্থিত ইউ,পি চেয়ারম্যানগণ জানান, আসন্ন পবিত্র ঈদুল আযহা-২০২২ পালনকালীন কোন অপ্রীতিকর ঘটনা ঘটে নাই। সাধারণ জনগণ আনন্দ মুখরিত ভাবে ঈদ উৎসব পালন করছে। এ বিষয়ে চেয়ারম্যান, সরফভাটা, চন্দ্রঘোনা ও রাজানগর উপজেলা প্রশাসন কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। ।<br>উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতির বিষয়ে উন্মুক্ত আলোচনায় উপস্থিত চেয়ারম্যানগণ জানান, পবিত্র ঈদুল-আযহা-২০২২ পালনকালীন সময়ে চট্টগ্রাম-কাপ্তাই সড়কে রাঙ্গুনিয়া উপজেলা অভ্যন্তরে শান্তিরহাট, গোডাউন, রোয়াজারহাট, মরিয়মনগর ও লিচুবাগান স্থান সমূহে কোন যানজট দেখা যায়নি। যানজট নিরসনে পুলিশ বিভাগ সক্রিয় ভূমিকা পালন করছে মর্মে ধন্যবাদ জানান।<br>চন্দ্রঘোনা, পোমরাসহ উপস্থিত ইউ,পি চেয়ারম্যানগণ জানান, চন্দ্রঘোনা ইউনিয়নে দুষ্কৃতিকারীরা ধর্মীয় দাঙ্গা সৃষ্টির পায়তারা করে যা প্রশাসন ও পুলিশ বিভাগের হস্তক্ষেপে কোন অপ্রীতিকর ঘটনা ঘটে নাই। চেয়ারম্যান, চন্দঘোনা ইউ,পি প্রশাসন ও পুলিশ বিভাগ যথাযথ ভাবে দায়িত্ব পালন করছে মর্মে ধন্যবাদ জানান।<br>সভাপতি, যানজট নিরসনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করায় অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা ও দঃ রাঙ্গুনিয়া থানা, চট্টগ্রামকে ধন্যবাদ জানান।<br>উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতির বিস্তারিত আলোচনায় অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা ও দঃ রাঙ্গুনিয়া থানা, চট্টগ্রাম নিম্নরূপে জুন ও ২৪ জুলাই ২০২২ পর্যন্ত অপরাধ চিত্র নিম্নমতে পেশ করেন।
<table>
<tr><th>ক্রঃনং</th><th>জুন,২০২২<br>বিবরণ</th><th>সংখ্যা</th><th>২৪ জুলাই, ২০২২ পর্যন্ত<br>সংখ্যা</th></tr>
<tr><td>১</td><td>মাদক</td><td>৬</td><td>৫</td></tr>
<tr><td>২</td><td>নারী ধর্ষণ</td><td>১</td><td>-</td></tr>
<tr><td>৩</td><td>সড়ক দুর্ঘটনা</td><td>১</td><td>১</td></tr>
<tr><td>৪</td><td>অন্যান্য</td><td>১৩</td><td>১৪</td></tr>
<tr><td>৫</td><td>অস্ত্র আইন</td><td>-</td><td>১</td></tr>
<tr><td></td><td>সর্বমোট</td><td>২১</td><td>২১</td></tr>
</table>
উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিস্তারিত আলোচনায় অফিসার</td><td>আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয় পুলিশী টহল জোরদারকরণ, স্ব- এলাকায় অপরাধের সহি জড়িতদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থ গ্রহণ এবং ওয়ারেন্টভুক্ত আসামীদে গ্রেফতারে প্রয়োজনীয় পদক্ষে গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধা গৃহীত হয় এবং পুলিশ বিভাগে প্রয়োজনীয় সার্বিক সহযোগি প্রদানের জন্য জনপ্রতিনিধিদে আহ্বান করা হয়।</td><td>অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা ও দক্ষিন রাঙ্গুনিয়া থানা ও উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল।</td></tr>
</table>

চলমান পাতা--২

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা জানান, ইভটিজিং কার্যক্রম ও নলকূপ এর মাথা চুরির ঘটনা বন্ধে পুলিশী কার্যক্রম বাড়ানো হয়েছে। জনপ্রতিনিধিদের সার্বিক সহযোগিতায় উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে মতামত ব্যক্ত করে সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।<br>অফিসার ইনচার্জ, দঃ রাঙ্গুনিয়া থানা, চট্টগ্রাম জানান, দঃ রাঙ্গুনিয়ায় ১ জন ব্যক্তিকে খুন করা হয়। খুনের সহিত জড়িত ১ জনকে গ্রেফতার করে জেল হাজতে পাঠানো হয়। দঃ রাঙ্গুনিয়া থানার স্থানীয় জনপ্রতিনিধিগণ আইন-শৃঙ্খলা রক্ষায় প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা করায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক বিরাজ করছে।<br>পুলিশ বিভাগের সার্বিক কার্যক্রমে বিস্তারিত বিশ্লেষণে সভাপতি জানান, ১ জন আসামীকে গ্রেফতার করার সময় ১ জন পুলিশ সদস্য আহত হয়। আহত পুলিশ সদস্যের দ্রুত সুস্থতা কামনা করে তিনি পুলিশী বিভাগের এ ভূমিকার ও যথাযথ দায়-দায়িত্ব পালনের প্রতি ধন্যবাদ জানান।<br>উপজেলা সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিস্তারিত আলোচনায় চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান, দলীয় পরিচয় দিয়ে কোন সন্ত্রাসী কর্মকান্ডে জড়িদের কোন প্রকার প্রশ্রয় দেয়া যাবে না। রাঙ্গুনিয়া বাসীর উন্নয়নে কোন অন্যায়কে প্রশ্রয় না দিয়ে জনকল্যাণ মূলক কাজ করার জন্য সকলকে আহ্বান জানান।<br>থানার অপরাধ চিত্র বিষয়ে বিস্তারিত আলোচনায় পূর্বের তুলনায় মামলা সংখ্যা কমে আসছে, আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নে পুলিশ বিভাগকে সার্বিক সহযোগিতা প্রদান করা হলে উপজেলার আরও অপরাধ কমে আসবে মর্মে উপস্থিত সকলেই একমত পোষণ করেন এবং অপরাধীদের আইনের আওতায় আনার লক্ষ্যে পুলিশ বিভাগকে প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা প্রদানের জন্য জনপ্রতিনিধিদের আহ্বান জানানো হয়। | | |
| ৩ | মাদক/ইয়াবা ব্যবহার নিয়ন্ত্রণ ও চুরি/ডাকাতি রোধ সংক্রান্ত ঃ<br>মাদক ব্যবহার/চুরি/ডাকাতি রোধ সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনায় অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা জানান, মাননীয় প্রধানমন্ত্রী অবৈধ মাদক ব্যবহারকারীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা দিয়েছেন। অবৈধ মাদক ব্যবসা জিরো টলারেন্সে আনার তিনি জনপ্রতিনিধিদের আন্তরিক প্রয়োজনীয় সহযোগিতা কামনা করেন।<br>চেয়ারম্যান, চন্দ্রঘোনা ইউ, পি জানান, চন্দ্রঘোনা ইউনিয়নের অভ্যন্তরে পল্লী বিদ্যুৎ সাব স্টেশন মাহবুবুল আলম চাষী এলাকায় মাদকের আড্ডাখানা। সেখানে মাদক ব্যবসা ও ছিনতাই এর কার্যক্রম চলে। এ এলকায় পুলিশী নজরদারী রেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হলে এলাকায় সাধারণ মানুষ নিরাপদে চলাচল ও বসবাস করবে। চেয়ারম্যান পদুয়া ইউ,পি তার এলাকায় ১ জন খুন হওয়া ঘটনার সাথে জড়িতকে গ্রেফতার করায় পুলিশ বিভাগের কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। | মাদক/ইয়াবা ব্যবহার নিয়ন্ত্রণকরণ ও চুরি/ডাকাতি রোধ কল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ উপজেলা/পুলিশ বিভাগকে সার্বিক সহযোগিতা করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা প্রশাসন কর্তৃপক্ষ ও পুলিশ বিভাগকে সার্বিক সহযোগিতা করার জন্য জনপ্রতিনিধিগণকে অনুরোধ করা হয়। | পুলিশ বিভাগ কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট সকল। |
| ৪ | ইভটিজিং সংক্রান্ত ঃ<br>ইভটিজিং সংক্রান্ত কার্যক্রম রোধকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সমগ্র উপজেলায় যাতে ইভটিজিং কার্যক্রম বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং ইভটিজিং কার্যক্রমের সহিত জড়িতদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা ও দক্ষিণ রাঙ্গুনিয়া থানা, চট্টগ্রাম এবং স্থানীয় জনপ্রতিনিধিদের অনুরোধ করা হয়। | উপজেলার ইভটিজিং কার্যক্রম বন্ধ ও জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ জনচলাচলে সার্বিক নিরাপত্তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | পুলিশ বিভাগ কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট সকল। |
| ৫ | বিদ্যুৎ সরবরাহ ও বিভ্রাট সংক্রান্ত ঃ<br>উপজেলার বিদ্যুৎ সরবরাহ ও বিভ্রাট নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-২, রাঙ্গুনিয়া জোনাল অফিস সকলের দৃষ্টি আকর্ষণ করে জানান, বর্তমান প্রেক্ষাপটে বিশ্ব বাজারে জ্বালানী মূল্য বৃদ্ধি পাওয়ার ফলে লোড সেডিং কমাতে নির্দেশ প্রদান করেছে সরকার এবং সরকারী নিদেশনা মতে রাত ৮.০০ টার পর হতে ঔষধ দোকান ব্যতীত সকল মার্কেট বন্ধ করার সরকারী ভাবে নির্দেশনা জারী করা হয়। এ | নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ, লোড সেডিং কমানো ও নামাজের সময় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ বিদ্যুৎ কর্তৃপক্ষকে সহযোগিতা করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট সকল। |

চলমান পাতা-৩

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | বিষয়ে তিনি জনপ্রতিনিধিদের আন্তরিক সহযোগিতা কামনা করেন। এছাড়াও তিনি আরও জানান, রাঙ্গুনিয়ায় শেখ হাসিনা পানি শোধনাগারে সম্পূর্ণ আলাদা ভাবে বিদ্যুৎ সংযোগ দেয়া হচ্ছে। উক্ত লাইন সম্প্রসারণের কার্যক্রম সম্পন্ন হলে আরও লোড সেডিং কমে আসবে আশা প্রকাশ করে লোড সেডিং কমানোর বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। নামাজের সময় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার জন্য ডিজিএম, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২, রাঙ্গুনিয়া জোনাল অফিসকে বলা হয়। | | |
| ৬ | ভূমি বিরোধ/জটিলতা মিমাংসা/নিরসন সংক্রান্ত ঃ<br>উপজেলার ভূমি বিরোধ নিষ্পত্তি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। চেয়ারম্যান, দক্ষিণ রাজানগর জানান, তার ইউনিয়নে ভূমি বিরোধ নিয়ে আদালতে মামলা চলাকালীন অবস্থায় ১ পক্ষ থানায় আনীত অভিযোগের ভিত্তিতে রাঙ্গুনিয়ার থানার একজন এ.এস.আই বিরোধপূর্ণ জায়গায় সরেজমিনে গিয়ে স্থানীয় জনপ্রতিনিধিসহ আশেপাশে গন্যমান্য ব্যক্তিদের সম্পর্কে বিরোধপূর্ণ বক্তব্য রাখেন। যা জনপ্রতিনিধিদের সম্মান আঘাত হানে এবং পুলিশ বিভাগের এ কার্যক্রমের জন্য উপস্থিত জনপ্রতিনিধিগণ চরম অসন্তোষ প্রকাশ করেন। চেয়ারম্যান, রাজানগর ইউ,পি উক্ত পুলিশ কর্মকর্তার প্রদর্শিথ অসদাচরণের প্রতি অসন্তোষ প্রকাশ করে উক্ত পুলিশ কর্মকর্তার বিষয়ে যথাযথ ব্যবস্থা নেয়ার জন্য অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানার দৃষ্টি আকর্ষণ করেন। অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা এ,এস,আই কর্তৃক সৃষ্ট ঘটনার দুঃখ প্রকাশ করে সুষ্ঠু তদন্ত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন।<br>ভূমি বিরোধীয় সংক্রান্ত বিষয় সমূহ বিজ্ঞ আদালতে মামলা চলাকালীন অবস্থায় বিরোধে স্থীত জায়গার উপর পুলিশ কিংবা অন্য কোন্য কর্তৃপক্ষ আদালতের রায় না হওয়া পর্যন্ত আইন-শৃংখলা বিঘ্নিত কার্যক্রম ব্যতীত অন্যান্য কাজে হস্তক্ষেপ না করার বিষয়ে উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | ভূমি বিরোধ সংক্রান্ত স্থীত জায়গার উপর আনীত কোন অভিযোগ বিজ্ঞ আদালতে মামলা চলাকালীন অবস্থায় আইন-শৃংখলা বিঘ্নিত কার্যক্রম ব্যতীত অন্যান্য কাজে প্রশাসনিক হস্তক্ষেপ না করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট জনপ্রতিনিধিগণ। |
| ৭ | রোহিঙ্গা ভোটার রোধকরণ ও অবৈধ বসতি স্থাপন সংক্রান্ত ঃ<br>চেয়ারম্যান, পোমরা ইউ/পি জানান, তার ইউনিয়নে কর্ণফুলি নদীর পাড় ও অবস্থিত পাহাড়ে বিভিন্ন শ্রেণীর লোক বসতি স্থাপনা রয়েছে। রোহিঙ্গা ভোটার হওয়া কার্যক্রম বন্ধ করতে হবে। রোহিঙ্গা ভোটার হওয়ার কাযক্রম বন্ধকরণ কিংবা সরকারী জায়গায় বে-আইনী ভাবে বসতি স্থাপন সংক্রান্ত কার্যক্রম লক্ষণীয় হলে তাৎক্ষণিক ভাবে সংবাদ দিলে সরেজমিনে তদন্তক্রমে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে জানান এবং উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | রোহিঙ্গা ভোটার হওয়ার কাযক্রম বন্ধকরণ এবং সরকারী জায়গায় বে-আইনী ভাবে বসতি স্থাপন সংক্রান্ত কার্যক্রম বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন অফিসার এবং সংশ্লিষ্ট জনপ্রতিনিধিগণ। |
| ৭ | পারুয়া ইউনিয়নে ৯নং ওয়ার্ডে সুষ্ঠু নির্বাচন সংক্রান্ত ঃ<br>চেয়ারম্যান, পারুয়া ইউ,পি জানান, তার ইউনিয়নে ৯নং ওয়ার্ডে আগামী ২০/৭/২০২২ খ্রি. তারিখে উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন সুষ্ঠু ও নিরপেক্ষ ভাবে সম্পন্ন করার জন্য দৃষ্টি আকর্ষণ করেন। বিস্তারিত আলোচনায় সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | পারুয়া ইউনিয়নে ৯নং ওয়ার্ডে সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠান সম্পন্নকরণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন এবং সংশ্লিষ্ট সকল। |

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, ইভটিজিং, মাদক ব্যবহারকারী ও চুরির সহিত জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ বিভাগকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য সকল জনপ্রতিনিধিদের আহ্বান জানানো হয়।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতেসকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভা সমাপ্তি ঘোষণা করা হয়।

আতাউল গনি ওসমানী
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
ফোন নং-০২৩৩৪৪৫৯৬৬৯
ইমেইল: unorangunia@mopa.gov.bd

স্মারক নং ০৫.৪২.১৫০০.৫১০.১৮.০৭৮.২০২২-৭৩৪

তারিখঃ ১০ শ্রাবন, ১৪২৯ বঃ
২৫ জুলাই, ২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। ড. হাছান মাহমুদ এম. পি, মাননীয় মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি।
২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম।
৩। পুলিশ সুপার, চট্টগ্রাম।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

(১-৪) সদয় অবগতির জন্য।

৫। মেয়র, রাঙ্গুনিয়া পৌরসভা, চট্টগ্রাম।
৬। উপজেলা ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৭। উপজেলা /অফিসার ইনচার্জ,..............................................কর্মকর্তা (সকল)/থানা, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৮। চেয়ারম্যান, .................................. ইউনিয়ন পরিষদ (সকল), রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৯। জনাব ........................................................................................... রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
১০। সভাপতি/সম্পাদক, একুশে পত্রিকা, চট্টগ্রাম।
১১। অফিস নথি।

আতাউল গনি ওসমানী
উপজেলা নির্বাহী অফিসার
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।